

ছাত্রলীগ নেত্রীদের বিরুদ্ধে নিয়োগ বাণিজ্যের অভিযোগ

৪ সেপ্টেম্বর ২০১৯ ০১:৪৯

আপডেট: ৪ সেপ্টেম্বর ২০১৯ ০১:৪৯



দৈনিক
আমাদের সময়

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বেগম
রোকেয়া হল সংসদ ও হল ছাত্রলীগের
নেত্রীদের বিরুদ্ধে ২১ লাখ টাকা নিয়োগ-
বাণিজ্যের অভিযোগ তুলেছেন একাধিক
আবাসিক শিক্ষার্থী। আর এ হীনকর্মে
খোদ হল প্রাধ্যক্ষের প্রত্যক্ষ মদদ রয়েছে
বলেও তারা অভিযোগ করেছেন।

advertisement

গতকাল বিকালে ঢাবি সাংবাদিক সমিতি কার্যালয়ে সংবাদ সম্মেলন করে অভিযোগকারীরা বলেন, হলের ভিপি ইসরাত জাহান তন্বী অফিস সহায়ক পদে নিয়োগ দিতে ৮ লাখ টাকা, জিএস সায়মা আক্তার প্রমি মালী পদে ৫ লাখ টাকা, রোকেয়া হল ছাত্রলীগ সভাপতি বিএম লিপি আখতার এবং সাধারণ সম্পাদক শ্রাবণী দিশা প্রহরী পদে নিয়োগে ৮ লাখ টাকার বাণিজ্য করেন। প্রাধ্যক্ষ অধ্যাপক জিনাত হুদাও এ অপকর্মে যুক্ত। এর প্রমাণ হিসেবে তাদের কাছে কিছু ফোনালাপের রেকর্ড আছে বলে সংবাদ সম্মেলনে শিক্ষার্থীরা দাবি করেন। তারা বলেন, হল সংসদের এজিএস ফালগুনী তন্বী কোনো ভাগ না পাওয়ায় তার মাধ্যমেই এ তথ্য ফাঁস হয়েছে।